



জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর-১৭০৪।

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা/মাস্টার্স (নিয়মিত)/(প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি/ ২০১৭-১৮/ ৪৩৫৬

তারিখ: ১২/১১/২০১৮

জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স (নিয়মিত ও প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রম শুরু

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) এবং ২০১৮ সালের মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে অনলাইন ভর্তি কার্যক্রম ১৮ নভেম্বর ২০১৮ তারিখে শুরু হবে। এ ভর্তি কার্যক্রমের প্রাথমিক আবেদন ১৮/১১/২০১৮ থেকে ২৭/১১/২০১৮ তারিখের মধ্যে অনলাইনে পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকাসহ প্রার্থীর আবেদন ফরমে উল্লিখিত কলেজে ২৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০১৭-১৮ শিক্ষাবর্ষে মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামের ক্লাস ১৩ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে শুরু হবে।

এ ভর্তি কার্যক্রমের সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Important Notice/ Prospectus (Master's) অপশনে পাওয়া যাবে।

(প্রফেসর ড. মো: আনোয়ার হোসেন)

ডিন (ভারপ্রাপ্ত)

স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪।

স্মারক নং- ১৬(৭৫১)জাতী:বি:/রেজি:/অ্যাকা/মাস্টার্স (নিয়মিত)/(প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি/ ২০১৭-১৮/ ৪৩৫৬

তারিখ: ১২/১১/২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১. পরিচালক, তথ্য ও প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয় (ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
২. পরিচালক, অর্থ ও হিসাব, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক (ভারপ্রাপ্ত) জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
(কলসেন্টার, ইলেক্ট্রনিক মিডিয়া ও দৈনিক পত্রিকায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)
৪. সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. সচিব, ভাইস চ্যান্সেলর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. অফিস কপি।